# প্রবন্ধ প্রতিযোগিতা নির্দেশনা

চাটগাঁ গবেষণা কেন্দ্র



Chatgna Research Centre (CRC) Is an educational and research organisation.
Founder : Nazim Uddin [FCCA, FHEA,MBA, PGDE (Cambridge)], Researcher : Kamrul Hasan
Address: 9th floor, Shefa Bhavan, Plot # 15/16, Road # 1,
Colonel Hat CDA R/A, Chittagong-4217

চাটগাঁ গবেষণা কেন্দ্র আয়োজিত প্রবন্ধ প্রতিযোগিতা এমন একটি উদ্যোগ যা শিক্ষার্থীদের চট্টগ্রামের শিক্ষা, সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য ও ভৌগোলিক অবস্থান সম্পর্কে সচেতনতা তৈরি এবং একই সঙ্গে গবেষণা করার দক্ষতা বিকাশে সহায়তা করবে। প্রবন্ধ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মাঝে এ অঞ্চলের ঐতিহ্যের সঙ্গে সংযোগ স্থাপন এবং শিক্ষাগত ও পেশাগত জীবনকে সমৃদ্ধ করার লক্ষ্যে প্রতিযোগিতাটি আয়োজন করা হয়েছে। যা তাদের সমালোচনামূলক চিন্তা, গবেষণা ও তাদের অভিমত ব্যক্ত করতে কার্যকর ভূমিকা রাখবে।



# প্রবন্ধ প্রতিযোগিতা সম্পর্কিত নির্দেশনা


| | পৃষ্ঠা |
|---|---|
| ১. প্রবন্ধ প্রতিযোগিতা ২০২৫ | ৪ |
| ২. প্রশ্নের নমুনা | ৫ |
| ৩. উত্তরমান বণ্টন | ৫ |
| ৪. বই, জার্নাল ও ওয়েবসাইটের রেফারেন্স | ৬ |
| ৫. প্রবন্ধ প্রতিযোগিতার নিয়মাবলী | ৬ |
| ক. লেখার সত্যতা ও মৌলিকত্ব | ৬ |
| খ. আগ্রহের প্রকাশ | ৬ |
| গ. কর্মশালা ও প্রশিক্ষণ | ৬ |
| ঘ. লেখা পাঠানোর শেষ সময় | ৬ |
| ঙ. সংক্ষিপ্ত তালিকা নির্বাচন | ৬ |
| চ. বিজয়ী ঘোষণার তারিখ | ৬ |

| | পৃষ্ঠা |
|---|---|
| ৬. প্রতিযোগিতার লক্ষ্য ও উদ্দেশ্য | ৭ |
| ৭. কেন্দ্রীয় কমিটির উদ্দেশ্য | ৮ |
| ৮. কেন্দ্রীয় কমিটির দায়িত্ব | ৮ |
| ৯. কেন্দ্রীয় কমিটির গঠন ও সদস্যপদ | ৮ |
| ১০. কেন্দ্রীয় কমিটির সময়কাল | ৯ |
| ১১. কেন্দ্রীয় কমিটির কার্যকাল | ৯ |
| ১২. উপ-কমিটির কার্যপ্রণালী | ১০ |
| ১৩. উপ-কমিটির উদ্দেশ্য | ১০ |
| ১৪. উপ-কমিটির দায়িত্ব | ১০ |
| ১৫. উপ-কমিটির গঠন ও সদস্যপদ | ১১ |


চাটগাঁ গবেষণা কেন্দ্র



# Chatgna Research Centre
## CRC
## শিক্ষা গবেষণা উন্নয়ন

### ১. প্রবন্ধ প্রতিযোগিতা - ২০২৫

পূর্ণ নাম :

জন্ম তারিখ : সকল প্রতিযোগীকে অবশ্যই ১৪-১৮ বছর বয়সী হতে হবে (২০২৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত)

জন্ম তারিখ – বয়স –

স্কুল/কলেজ/মাদ্রাসা :

জীবনী ও পেশাগত আকাঙ্ক্ষা (ঐচ্ছিক) :

## ২. প্রবন্ধ প্রশ্নের নমুনা

[অনুগ্রহ করে নিম্নলিখিত প্রশ্নের উপর ভিত্তি করে (১৫০০ শব্দের মধ্যে) তোমার রচনা লিখ।]

**প্রশ্ন : ভূ-প্রকৃতি, সংস্কৃতি, ঐতিহ্য ও ভাষাগত বৈচিত্র্যের পরিপ্রেক্ষিতে চট্টগ্রামবাসীর অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অগ্রগতির কারণ ব্যাখ্যা কর।**

(প্রত্যয়ী বিশ্লেষণ ও সুগঠিত কাঠামোগত যুক্তি গুরুত্বপূর্ণ; সৃজনশীল, চিন্তাশীল ও মৌলিক চিন্তার বিষয়কে প্রাধান্য দেয়া হবে। লেখায় প্রতিপাদ্য বিষয় ও সূচি রচনার মূল প্রশ্নের সঙ্গে সামঞ্জস্য হতে হবে।)

## ৩. উত্তরমান বণ্টন

**ক. সূচনা (১৫% নম্বর)**
লেখার মূল বিষয় অবশ্যই সূচনার সঙ্গে সামঞ্জস্য থাকতে হবে। প্রবন্ধের ভূমিকায় প্রাসঙ্গিক তথ্য প্রদান এবং প্রশ্নের বিভিন্ন দিক অন্বেষণ করে বর্ণনা করতে হবে। প্রবন্ধের প্রারম্ভে উত্তরের পদ্ধতিগত রূপরেখা প্রদান করতে হবে।

**খ. মূল বিভাগ (৫০% নম্বর)**
মূল বিভাগে প্রাণবন্ত যুক্তিসংগত বর্ণনা প্রদান করতে হবে। গুরুত্বানুসারে প্রতিটি ক্ষেত্রে গভীর যুক্তি প্রদান করতে হবে। সঠিক তথ্য এবং উদাহরণের মাধ্যমে যুক্তিখণ্ডন করতে হবে। লেখার মধ্যে সমন্বয় থাকতে হবে এবং মূল বিষয়কে সুগভীরভাবে বিচার-বিবেচনা করার মতো তথ্য থাকতে হবে। প্রশ্নের বহুমাত্রিক দিক নিয়ে অন্তর্দৃষ্টি, যুক্তি-তর্ক ও কারণ প্রদান করে একটি বিশ্লেষণমূলক বর্ণনা প্রদান করতে হবে।

**গ. উপসংহার (১৫% নম্বর)**
প্রতিপাদ্য বিষয়ের মূল বক্তব্য উপসংহারে উল্লেখ করতে হবে। যুক্তিখণ্ডনের মাধ্যমে সমন্বয় সাধন করতে হবে।

**ঘ. গঠন ও প্রদর্শন (১০% নম্বর)**
প্রবন্ধ অবশ্যই যুক্তিযুক্ত, সামঞ্জস্যপূর্ণ ও সঠিক গঠন প্রণালী অনুযায়ী হতে হবে। বাক্যের গঠন ও বানান সঠিক হতে হবে।

**ঙ. সূত্র ও উদ্ধৃতি (১০% নম্বর)**
উপযুক্ত সূত্র ও উদ্ধৃতি ব্যবহার করতে হবে।

## ৪. রেফারেন্সের নমুনা

**ক. বইয়ের জন্য রেফারেন্স**

ফরম্যাট: লেখকের নাম, প্রথম অক্ষর। (প্রকাশনার বছর)। বইয়ের শিরোনাম। প্রকাশনার স্থান: প্রকাশক।
উদাহরণ: Rahman, A. (2020). বাংলাদেশের ইতিহাস। ঢাকা: বাংলা প্রকাশ।

**খ জার্নাল আর্টিকেলের জন্য রেফারেন্স**

ফরম্যাট: লেখকের নাম, প্রথম অক্ষর  (প্রকাশনার বছর)। 'আর্টিকেলের শিরোনাম', জার্নালের নাম, ভলিউম নম্বর (ইস্যু নম্বর), পৃষ্ঠা নম্বর।
উদাহরণ: Ahmed, S. (2019).  'বাংলাদেশের অর্থনীতি', বাংলাদেশ ইকোনমিক রিভিউ, ১৫(২), পৃষ্ঠা ৪৫-৬০।

**গ. ওয়েবসাইটের জন্য রেফারেন্স**

ফরম্যাট: লেখকের নাম, প্রথম অক্ষর (প্রকাশনার বছর)। 'ওয়েবপেজের শিরোনাম', ওয়েবসাইটের নাম, প্রকাশনার তারিখ। উপলব্ধ: URL (প্রবেশের তারিখ)।
উদাহরণ: Khan, M. (2021). 'বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা', বাংলাদেশ নিউজ, ১৫ মার্চ।
উপলব্ধ: www.bangladeshnews.com/education (প্রবেশের তারিখ: ২০ মার্চ ২০২১)।

## ৫. প্রবন্ধ প্রতিযোগিতার নিয়মাবলী

১. **লেখার সত্যতা ও মৌলিকত্ব :**
   - ক. রচনাটি অবশ্যই শিক্ষার্থীর স্বহস্তে লিখিত হতে হবে।
   - খ. লেখার কোন অংশই অনুকরণ করা যাবে না। অনুসরণ করলে তার উল্লেখ থাকতে হবে।
   - গ. অন্য কোন ব্যক্তি হতে সহায়তা নেয়া যাবে না।
   - ঘ. প্রতিটি লেখা যাচাই-বাছাইয়ের মধ্যেমে জমা নেয়া হবে। প্রয়োজনে কর্তৃপক্ষ প্রতিযোগিতায় অংশ নেয়া শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করে লেখার সত্যতা যাচাই করবে।
   - ঙ. অনুকরণের প্রমাণ পাওয়া গেলে লেখা বাতিল বলে গণ্য হবে।

২. **আগ্রহের প্রকাশ :**
   সকল প্রতিযোগীকে আগামী ৩১ জানুয়ারি ২০২৫ সালের মধ্যে নিবন্ধন করতে হবে। এ আগ্রহ প্রকাশের মাধ্যমে প্রতিযোগিতায় অংশ নেয়া শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করা হবে।

৩. **কর্মশালা ও প্রশিক্ষণ :**

প্রবন্ধ প্রতিযোগিতায় নিবন্ধিত সকল শিক্ষার্থীর লেখার দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা ও প্রশিক্ষণের আয়োজন করা হবে। যা ফেব্রুয়ারি ২০২৫ সালে অনুষ্ঠিত হবে। তবে কর্মশালায় অংশগ্রহণ বাধ্যতামূলক নয়।

১. **লেখা পাঠানোর শেষ সময় :**
লেখা পাঠানোর শেষ সময় : ৩১ মার্চ ২০২৫। বিলম্বে পাঠানো প্রবন্ধ বাতিল বলে গণ্য হবে।

২. **সংক্ষিপ্ত তালিকা নির্বাচন :**
আগামী ৩১ মে ২০২৫ সালে শিক্ষার্থীদের পাঠানো সকল প্রবন্ধ যাচাই-বাছাইয়ের মাধ্যমে একটি সংক্ষিপ্ত তালিকা প্রকাশ করা হবে।

৩. **বিজয়ী ঘোষণা :**
প্রবন্ধ প্রতিযোগিতায় অবস্থান নেয়া বিজয়ী শিক্ষার্থীর নাম ২০২৫ সালের জুলাই মাসে ঘোষণা করা হবে।

## ৬. প্রতিযোগিতার লক্ষ্য

চাটগাঁ গবেষণা কেন্দ্রের লক্ষ্য হলো, চট্টগ্রামের ইতিহাস-ঐতিহ্যের প্রতি শিক্ষার্থীদের আগ্রহী করার পাশাপাশি অধ্যয়ন বিষয়ক শ্রেষ্ঠত্ব ও প্রযুক্তিগত দক্ষতা অর্জনে সহয়তা করা। অনুসন্ধান, গবেষণা ও কার্যকর যোগাযোগকে উৎসাহিত করার ফলে প্রতিযোগিতায় অংশ নেয়া প্রত্যক শিক্ষার্থী উচ্চশিক্ষার জন্য নিজেকে প্রস্তুত করার প্রয়াস পাবে এবং একজন জ্ঞানী ও সুনাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলবে ।

উদ্দেশ্যসমূহ :

১. সাংস্কৃতিক ও ঐতিহাসিক জ্ঞান : হাজার বছরের চট্টগ্রামের ইতিহাস ও ঐতিহ্যের সঙ্গে শিক্ষার্থীদের সংযোগ স্থাপন এবং ঐতিহাসিক ঘটনাসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন আমাদের অন্যতম উদ্দেশ্য ।
২. গবেষণা ও লেখার দক্ষতা বিকাশ : প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীর গবেষণাধর্মী কাজের অভিজ্ঞতা ও লেখার দক্ষতা বিকাশ আমাদের মূল লক্ষ্য ।

৩. বিস্তৃত শিক্ষায় উৎসাহ : গবেষণাধর্মী কাজের মাধ্যমে শিক্ষার্থীদের গবেষণামূলক শিক্ষায় উৎসাহ প্রদান। যা তাদের প্রাতিষ্ঠানিক শিক্ষাকে বেগবান করবে।

৪. শিক্ষাগত অগ্রগতির প্রস্তুতি : এই প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীরা যেন নিজেদের শিক্ষাগত ও পেশাগত জীবনকে সমৃদ্ধ করতে পারে। তা নিশ্চিত করতে আপ্রাণ চেষ্টা করা।

চাটগাঁ গবেষণা কেন্দ্র আয়োজিত প্রবন্ধ প্রতিযোগিতা ২০২৫ এর কেন্দ্রীয় কমিটির লক্ষ্য হলো প্রবন্ধ প্রতিযোগিতাটি সফলভাবে আয়োজন ও প্রচারণা এবং নির্ধারিত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণ নিশ্চিত করা। পাশাপাশি প্রবন্ধ প্রতিযোগিতা মূল্যায়নের ক্ষেত্রে উচ্চমান নিশ্চিত ও প্রতিযোগিতার পরিবেশ বজায় রাখা ।

## ৭. কেন্দ্রীয় কমিটির উদ্দেশ্য

১. প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ন্যূনতম দশটি শিক্ষা প্রতিষ্ঠান মনোনয়ন ও নির্বাচন করা ।
২. মার্কার বা মূল্যায়নকারী নির্বাচন করা এবং তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কর্মশালার ব্যবস্থা করা।
৩. অংশগ্রহণকারী প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে উপ-কমিটি গঠন করে সমন্বয় ও সামঞ্জস্য রক্ষা করা ।
৪. প্রতিযোগিতার প্রচারের লক্ষ্যে আঞ্চলিক ও জাতীয় পর্যায়ের বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার ব্যক্তিবর্গকে সম্পৃক্ত করা।
৫. অংশগ্রহণকারী শিক্ষার্থীদের গবেষণালব্ধ বিভিন্ন বিষয়ের উপর আগ্রহ তৈরি করা এবং ভবিষ্যতে অধ্যয়ন বিষয়ক কাজে অধিকতর গবেষণা করার দক্ষতা অর্জন করা ।

## ৮. কেন্দ্রীয় কমিটির দায়িত্ব

১. নিয়োগ : প্রবন্ধ প্রতিযোগিতায় ন্যূনতম দশটি শিক্ষা প্রতিষ্ঠানের অংশ গ্রহণ নিশ্চিত করতে যোগাযোগ স্থাপন করা ।
২. কর্মশালা ও প্রশিক্ষণ : মার্কার বা মূল্যায়নকারী শিক্ষকদের মূল্যায়ন পদ্ধতি এবং শিক্ষার্থীদের জন্য প্রবন্ধ লেখা ও অনুকরণ রোধে প্রয়োজনীয় কর্মশালার আয়োজন করা ।
৩. সমন্বয় : অংশগ্রহণকারী প্রতিষ্ঠানে গঠিত উপ-কমিটির মধ্যে কার্যকর যোগাযোগ ও সমন্বয় সাধন করা ।
৪. মিডিয়া ও প্রচারণা : জাতীয় ও আঞ্চলিক বিভিন্ন প্রিন্ট , ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ার মাধ্যমে প্রতিযোগিতার কার্যকলাপ প্রচার করার প্রচেষ্টা করা ।
৫. দক্ষতা উন্নয়ন : অংশগ্রহণকারীদের মাঝে গবেষণা পদ্ধতি ও লেখার উচ্চমান নিশ্চিত করতে কর্মশালার আয়োজন করা ।

## ৯. গঠন ও সদস্যপদ

**চাটগাঁ কেন্দ্রীয় কমিটি গঠন পদ্ধতি :**

ক. চেয়ারপার্সন : কমিটির কার্যক্রমের সামগ্রিক নেতৃত্ব ও সমন্বয়ের দায়িত্ব পালন করবেন ।

খ. ভাইস-চেয়ারপার্সন : চেয়ারপার্সনকে সহায়তা করবেন এবং তাঁর অনুপস্থিতিতে দায়িত্ব পালন করবেন ।

গ. সচিব : কেন্দ্রীয় কমিটির সদস্য এবং উপ-কমিটির মধ্যে যোগাযোগ , নথিপত্র ও কার্যবিবরণী পরিচালনা করবেন ।

ঘ. কোষাধ্যক্ষ : প্রতিযোগিতার সঙ্গে সম্পর্কিত সকল আর্থিক ব্যবস্থাপনা দেখভাল করবেন ।

ঙ. উপ-কমিটি প্রতিনিধি : প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে উপ-কমিটি গঠিত হবে ।

চ. মিডিয়া ও প্রচারণা কর্মকর্তা : প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন প্লাটফর্মে প্রচারণা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা করবেন ।

ছ. উপদেষ্টা ও পরামর্ধক : অতিরিক্ত সদস্যদের মধ্যে শিক্ষা, মিডিয়া ও গবেষণা ক্ষেত্রে দক্ষ উপদেষ্টা ও পরামর্শক নিয়োগ করা যেতে পারে ।

## ১০. সভার সময়কাল

**কেন্দ্রীয় কমিটির সভা :**

১. প্রবন্ধ প্রতিযোগিতার অগ্রগতি পর্যালোচনা, কার্যক্রম পরিকল্পনা ও উদ্ভূত সমস্যা সমাধানের লক্ষ্যে প্রতি মাসে অন্তত এক বা একাধিকবার কেন্দ্রীয় কমিটির বৈঠক অনুষ্ঠিত হবে।

২. অতিরিক্ত সভা : প্রবন্ধ প্রতিযোগিতা আয়োজনের প্রারম্ভে ও শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা আয়োজনের শুরুতে এবং শিক্ষকদের মূল্যায়ন বিষয়ক প্রস্তুতির সময়কালে অতিরিক্ত সভা আয়োজন করা যেতে পারে।

## ১১. কার্যকাল

কমিটির সদস্যবৃন্দ : কেন্দ্রীয় কমিটির সদস্যবৃন্দ একবছরের জন্য কার্যকালীন থাকবেন। প্রতিযোগিতার প্রয়োজনীয়তা ও কর্মদক্ষতার ভিত্তিতে পুনর্নিয়োগ করা যেতে পারে ।

চেয়ারপার্সন ও ভাইস–চেয়ারপার্সন : চেয়ারপার্সন ও ভাইন-চেয়ারপার্সন দুই বছরের জন্য কার্যকালীন থাকবেন । প্রয়োজনে অতিরিক্ত এক মেয়াদের জন্য পুনর্নির্বাচনের বিকল্প থাকবে ।

প্রতিযোগিতার নেতৃত্ব ও ধারাবাহিকতা নিশ্চিত করার লক্ষ্যে সদস্যদের কার্যকালীন সময় কমিটি দ্বারা পর্যালোচনা এবং সামঞ্জস্য করা যেতে পারে।

## ১২. উপ-কমিটির কার্যপ্রণালী

উপ-কমিটির লক্ষ্য হলো নিজেদের প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের চাটগাঁ গবেষণা কেন্দ্র আয়োজিত প্রবন্ধ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগ্রহী করে তোলা এবং পরীক্ষা প্রস্তুতির ব্যবস্থা করা। উপ-কমিটির সদস্যরা নিজ প্রতিষ্ঠানের আগ্রহী শিক্ষার্থীদের যথোপযুক্ত প্রস্তুতির লক্ষ্যে প্রয়োজনীয় পুস্তক, প্রবন্ধ ও শিক্ষাবিষয়ক বিভিন্ন প্রবন্ধ প্রদান করবে। এছাড়া কর্মশালা আয়োজনের মাধ্যমে নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের লেখার দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করবে।

## ১৩. উপ-কমিটির উদ্দেশ্য

১. অংশগ্রহণকারী শিক্ষার্থীদের কর্মশালায় অংশগ্রহণ নিশ্চিত করা এবং যথোপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করে প্রতিযোগিতার জন্য প্রস্তুত করা।
২. আগ্রহী শিক্ষার্থীদের মধ্যে সবচেয়ে মেধাবী ও যোগ্যদের বাছাই করে তাদের অংশগ্রহণ নিশ্চিত করা।
৩. প্রবন্ধ লেখার দক্ষতা বিকাশে প্রয়োজনীয় কর্মশালার আয়োজন করা এবং গবেষণা সম্পর্কে সম্যক্ ধারণা প্রদান করা ।
৪. প্রতিযোগিতার মান বজায় রাখা এবং কোন রকম অনিয়ম, হস্তক্ষেপ ও প্রভাবমুক্ত পরিবেশ বজায় রাখা।

## ১৪. উপ-কমিটির দায়িত্ব

১. প্রার্থী প্রস্তুতি : শিক্ষার্থীদের প্রবন্ধ লেখার দক্ষতা ও গবেষণাধর্মী কাজের বিষয়ে আত্মবিশ্বাস বৃদ্ধি করা । যেন প্রতিযোগিতার পূর্বে শিক্ষার্থীদের সকল প্রস্তুতি সম্পন্ন হয় ।
২. অংশগ্রহণকারী নির্বাচন : শিক্ষার্থীদের যোগ্যতা ও মেধার ভিত্তিতে বাছাই ও নির্বাচন নিশ্চিত করা । যেন শুধু যোগ্য প্রার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে ।
৩. প্রশিক্ষণ ও সম্পদ : প্রবন্ধ লেখার কৌশল রপ্ত করতে প্রয়োজনীয় কর্মশালার আয়োজন করা এবং গবেষণার জন্য রেফারেন্স বই ও প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করা ।
৪. অখণ্ডতা বজায় রাখা : উপ-কমিটির সদস্যবৃন্দ প্রতিযোগিতায় অংশ নেয়া শিক্ষার্থীদের অনৈতিক সাহায্য কিংবা মূল্যায়নের ক্ষেত্রে কোন রকম প্রভাবিত না করার বিষয় নিশ্চিত করা ।

## ১৫. উপ-কমিটির গঠন ও সদস্যপদ

১. চেয়ারপার্সন : উপ-কর্মটির কার্যক্রম পরিচালনা এবং কেন্দ্রীয় কমিটিতে নিজ প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করার দায়িত্ব পালন করবেন।
২. প্রশিক্ষণ সমন্বয়কারী : অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজন ও প্রদানের দায়িত্ব পালন করবেন ।
৩. গবেষণা সমন্বয়কারী : অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে শিক্ষামূলক উপকরণ, রেফারেন্স বই ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহের দায়িত্বে নিয়োজিত থাকবেন ।

প্রতিটি উপ-কমিটির মাত্র একজন সদস্যকে ( মূলত চেয়ারপার্সন) কেন্দ্রীয় কমিটিতে অংশগ্রহণের জন্য নির্বাচন করা হবে।

সভার সময়কাল :

উপ–কমিটি সভা :

১. মাসিক : অংশগ্রহণকারী শিক্ষার্থীদের অগ্রগতি পর্যালোচনা, প্রশিক্ষণ আয়োজন এবং বিভিন্ন প্রতিবন্ধকতা সমাধানের জন্য সভা আয়োজন করবে।
২. অতিরিক্ত সভা : প্রতিযোগিতার প্রারম্ভে বিশেষ প্রয়োজনে সভা আয়োজন করতে পারে।

**কার্যকাল :**

উপ-কমিটির সদস্যবৃন্দ ছয় মাসের জন্য কার্যকালীন থাকবেন।

চাটগাঁ গবেষণা কেন্দ্র

# Chatgna Research Centre